



নং ৪৫.০০.০০০০.১২২.২৭.০২৬.২০২০-৪২০

তারিখঃ ২১.১১.২০২০ খ্রি.

বিষয়ঃ জনাব এএসএম কামরুজ্জামান, সহকারী প্রধান পরিসংখ্যান কর্মকর্তা (পূর্ববর্তী পদবি: পরিসংখ্যান কর্মকর্তা), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা

বিভাগীয় মামলা নং: ..... ৫৮./২০২০

### অভিযোগনামা

যেহেতু আপনি জনাব এএসএম কামরুজ্জামান, সহকারী প্রধান পরিসংখ্যান কর্মকর্তা (পূর্ববর্তী পদবি: পরিসংখ্যান কর্মকর্তা), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা ২০১৮-১৯ অর্থবছরে উক্ত হাসপাতালে এমএসআরসহ অন্যান্য মালমাল দরপত্রের মাধ্যমে ক্রয়/সংগ্রহ ও মেরামত বিষয়ক কার্যক্রমে বাজার দর যাচাই কমিটির সদস্য ছিলেন;

যেহেতু আপনি কমিটির সদস্য হিসেবে (O) Light এর প্রকৃত মূল্য সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সর্বমোট (O) Light ক্রয়ে সরকারের মোট ৪,৫৯,৩৪,০০০/- (চার কোটি উনষাট লক্ষ চৌষট্টি হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি ২টি Coblation Machine ক্রয়ে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ৭৮,০০,০০০/- (আটাত্তর লক্ষ) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি ২টি Anesthesia Machine with Ventilator ক্রয়ে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ১,১৭,২৫,০০০/- (এক কোটি সতের লক্ষ পচিশ হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

যেহেতু আপনি উক্ত প্রক্রিয়ায় উপরোল্লিখিত তিন ধরনের সরঞ্জাম ক্রয়ের মাধ্যমে সরকারের মোট ৬,৪০,৩১,৮০০/- (ছয় কোটি চল্লিশ লক্ষ একত্রিশ হাজার আটশ) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;


যেহেতু স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক তদন্তে উপরোল্লিখিত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এর পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য;

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালায় অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না সে বিষয়ে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শনোর জন্য নির্দেশ প্রদান করা হল।

একইসঙ্গে আপনি বাঞ্ছনীয় শুনানি চান কিনা, তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এ সঙ্গে সংযুক্ত করা হল।

  
২১/১১/২০২০

(মো. আবদুল মান্নান)  
সচিব

জনাব এএসএম কামরুজ্জামান  
সহকারী প্রধান পরিসংখ্যান কর্মকর্তা  
শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা

নং-৪৫.০০.০০০০.১১২.২৭.০২৬.২০১০. ৪২০/১(৯)

তারিখঃ ২৯.১১.২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নেটিশটি অভ্যুত্থের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জ্ঞাপিত করে জারির প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, প্রশাসন/এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৮। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৯। অফিস কপি।

২৯.১১.২০২০  
(মোঃ শাহাদত হোসেন কবির)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫০২৮  
[disc@hwd.gov.bd](mailto:disc@hwd.gov.bd)

## অভিযোগ বিবরণী

আপনি জনাব এএসএম কামরুজ্জামান, সহকারী প্রধান পরিসংখ্যান কর্মকর্তা (পূর্ববর্তী পদবি: পরিসংখ্যান কর্মকর্তা), শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা ২০১৮-১৯ অর্থবছরে উক্ত হাসপাতালে এমএসআরসহ অন্যান্য মালামাল দরপত্রের মাধ্যমে ক্রয়/সংগ্রহ ও মেরামত বিষয়ক কার্যক্রমে বাজার দর যাচাই কমিটির সদস্য ছিলেন;

আপনি কমিটির সদস্য হিসেবে OT Light এর প্রকৃত মূল্য সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে ৮টি OT Light ক্রয়ে সরকারের মোট ৪,৫৯,৬৪,০০০/- (চার কোটি উনষাট লক্ষ চৌষাট হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;


আপনি ২টি Coblation Machine ক্রয়ে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ৭৮,০০,০০০/- (আটাত্তর লক্ষ) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

আপনি ২টি Anesthesia Machine with Ventilator ক্রয়ে সঠিকভাবে যাচাই না করে অতিরিক্ত বাজার দর নির্ধারণ করেছেন এবং এর মাধ্যমে সরকারের মোট ১,১৭,২৫,০০০/- (এক কোটি সতের লক্ষ পঁচিশ হাজার) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

আপনি উক্ত প্রক্রিয়ায় উপরোল্লিখিত তিন ধরনের সরঞ্জাম ক্রয়ের মাধ্যমে সরকারের মোট ৬,৪০,৩১,৮০০/- (ছয় কোটি চল্লিশ লক্ষ একত্রিশ হাজার আটশত) টাকার আর্থিক ক্ষতি সাধন করেছেন;

এবং স্বাস্থ্য সেবা বিভাগের প্রাথমিক তদন্তে উপরোল্লিখিত অভিযোগসমূহের সত্যতা প্রমাণিত হয়েছে।

আপনার এহেন কর্মকান্ড সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতি হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত কার্যক্রম দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
২০/১১/২০২০

(মো. আবদুল মান্নান)  
সচিব